বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
ওপেন স্কুল
এইচএসসি প্রোগ্রাম
হিসাববিজ্ঞান ১ম পত্র (নমুনা প্রশ্ন)

সময় - ৩ঘন্টা পূর্ণমান - ১০০

বিশেষ দ্রষ্টব্য ঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে যে কোন দু'টি প্রশ্ন, খ বিভাগ হতে যে কোন দু'টি প্রশ্ন, গ বিভাগ হতে চারটি প্রশ্ন এবং ঘ বিভাগের ১৪নং প্রশ্ন নিয়ে সর্বমোট আটটি প্রশ্নের উত্তর দিতে হবে।

ক বিভাগ

১. লেন-দেন কি? এ বৈশিষ্ট্যগুলোর বর্ণনা করুন। ৭
২. হিসাব খাত কত প্রকার? বিভিন্ন প্রকার হিসাব খাতের ডেবিট এবং ক্রেডিট নির্ণয়ের নিয়মাবলী বর্ণনা করুন। ৭
৩. প্রকৃত জাবেদা কাকে বলে? এতে কোন কোন ধরনের লেনদেন লিপিবদ্ধ করা হয়? ৭
৪. ব্যাংক সমন্বয় বিবরণী কাকে বলে? এটি কিভাবে তৈরী করা হয়? ৭

খ বিভাগ

৫. খতিয়ানকে সকল বইয়ের রাজা বলা হয় কেন? ৫
৬. নগদান বই জাবেদা এবং খতিয়ান উভয়ের ব্যাখ্যা করুন। ৫
৭. কোন কোন প্রকারের ভুল রেওয়ামিলে ধরা পড়ে না? ৫
৮. বিলম্বিত মুনাফা জাতীয় খরচ বলিতে কি বুঝায়? ৫

গ বিভাগ

৯. ২০০৩ সালের ১লা জুলাই তারিখে জনাব রহমান নগদ ২৫,০০০.০০ টাকা এবং ৫,০০০.০০ টাকা মূল্যের আসবাবপত্র মূলধনস্বরূপ আনয়ন করে ব্যবসায় আরম্ভ করলেন। উক্ত মাসে তাঁর ব্যবসায়ে নিম্নোক্ত লেনদেনগুলো সম্পাদিত হল ঃ ১৪

২০০৩			টাকা
জুলাই	৪	রহিমের নিকট হতে মাল ক্রয়	৪,০০০.০০
	৬	অগ্রণী ব্যাংকে হিসাব খোলা হল	১২,০০০.০০
	১২	হামিদের নিকট মাল বিক্রয়	৫,০০০.০০
	১৬	ব্যবসায় হতে উত্তোলন করা হল	১,০০০.০০
	১৯	আলমারী ক্রয় করা হল	৫০০.০০
	২২	হামিদের নিকট হতে মাল ফেরত আসল	৫০০.০০
	২৪	ব্যাংক হতে উত্তোলন করা হল	২,০০০.০০
	২৮	আনোয়ারকে ভাড়া বাবদ চেক প্রদত্ত হল	১,০০০.০০
	২৯	বিজ্ঞাপন বাবদ প্রদত্ত হল	১,৫০০.০০
	৩০	হামিদের নিকট হতে চেক পাওয়া গেল	২,০০০.০০
	৩১	কর্মচারীদের বেতন প্রদত্ত হল	১,৫০০.০০

জনাব রহমানের হিসাব বইতে উপরোক্ত লেনদেনগুলো জাবেদা তৈরী করুন।

১০. নিম্নলিখিত লেনদেনগুলো হতে একখানি তিনঘরা নগদান বই তৈরী করুন ঃ ১৪

২০০৩
জুন ১ নগদ তহবিল ১০,০০০.০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৮,০০০.০০টাকা
৫ ওয়াহেদ এন্ড কোং -কে তাদের ১,০০০.০০ টাকা পাওনার পূর্ণ নিস্পত্তি বাবাদ ৯৫০.০০ টাকার একখানি চেক প্রদান করা হল।
৮ নগদ ১,০০০.০০ টাকা ও চেক মারফত ২,০০০.০০ টাকা পণ্য ক্রয়
১২ অফিসের জন্য ৭৫০.০০ টাকা এবং ব্যক্তিগত প্রয়োজনে ৫৫০.০০ টাকা ব্যাংক হতে উত্তোলন করা হল।
১৫ নগদ ৯,০০০.০০ টাকার পণ্য বিক্রয় করে বিক্রয়লব্ধ অর্থ সরাসরি ব্যাংকে জমা দেওয়া হল।

২২ রহমান এন্ড কোং- এর নিকট হতে তাহাদের ২,৬০০.০০ টাকা দেনার পূর্ণ নিস্পত্তি বাবদ ২,৫০০.০০ টাকার একখানি চেক পাওয়া গেল।

২৭ মান্নানের নিকট হতে নগদ প্রাপ্তি ১,০০০.০০ টাকা।

৩১ বেতন বাবদ নগদ ১,০০০.০০ টাকা। ভাড়া বাবদ নগদ ৫০০.০০ টাকা এবং বিজ্ঞাপন বাবদ চেক মারফত ৩০০.০০ টাকা প্রদান করা হল।

১১. ২০০৩ সালের নভেম্বর মাসে কুষ্টিয়ার মেসার্স রকিব এন্ড সন্স নিম্নলিখিত পণ্য বাকীতে বিক্রয় করেছে ঃ ১৪

২০০৩

নভেম্বর ৩ খুলনার হাবিব এন্ড সন্স -এর নিকট বিক্রয় ঃ
৪০০ কেজি চা, প্রতি কেজি ৩৫.০০ টাকা দর। ৩০০ কেজি কফি; প্রতি কেজি ৫০.০০ টাকা দর। এ প্রেক্ষিতে তাদের নিকট ৫০৮ নং চালান প্রেরিত হল। উক্ত চালানে ২০০.০০ টাকা প্যাকিং খরচ ধরা হয়েছে। পক্ষান্তরে ১০% ব্যবসায়িক বাট্টা মঞ্জুর করা হয়েছে।

১২ বগুড়ার মেসার্স মল্লিক এন্ড কোং- এর নিকট বিক্রয় ঃ
২০০ কেজি চা, প্রতি কেজি ৪০.০০ টাকা দর। ১০০ কেজি গুড়া দুধ, প্রতি কেজি ১২০.০০ টাকা দর। এ প্রেক্ষিতে তাদের নিকট ৬২৭ নং চালান প্রেরিত হল। উক্ত চালানে ১০০.০০ টাকা বীমা সেলামী ধরা হয়েছে; পক্ষান্তরে ৫% ব্যবসায়িক বাট্টা মঞ্জুর করা হয়েছে।

২৯ রাজশাহীর শাহীন এন্ড কোং - এর নিকট বিক্রয় ঃ
১৫০ কেজি কোকা, প্রতি কেজি ২০.০০ টাকা দর। ১০০ কৌটা হরলিকস, প্রতি কৌটা ৭৫.০০ টাকা দর। এ প্রেক্ষিতে তাদের কাছে ৭৫১ নং চালান প্রেরিত হল। উক্ত চালানে ৫০.০০ টাকা প্যাকিং খরচ ধরা হয়েছে।

উপরোক্ত লেনদেনগুলো মেসার্স রকিব এন্ড সন্স এর বিক্রয় বইতে লিপিবদ্ধ কর এবং সেগুলোকে সংশ্লিষ্ট খতিয়ান হিসাব খাতে স্থানান্তরিত করুন।

১২. আনোয়ার এন্ড কোং- এর বইতে নিম্নোক্ত রেওয়ামিলটি অশুদ্ধভাবে তৈরী করা হয়েছে। এগুলো শুদ্ধ করে পুনরায় প্রস্তুত করুন ঃ ১৪

রেওয়ামিল
৩১শে ডিসেম্বর, ২০০৩

	ডেবিট টাকা		ক্রেডিট টাকা
ক্রয়	৪৭,৬৬০	আনোয়ারের মূলধন	৫৫,৪৫০
ভূমি ও দালানকোঠা	২৪,০০০	আনোয়ারের উত্তোলন	১২,৪৮০
কলকব্জা ও যন্ত্রপাতি	২০,০০০	আসবাবপত্র	২,০০০
আন্তঃ ফেরত	১,৭৬০	বহিঃ ফেরত	১,৭০০
আন্তঃ পরিবহন	২,৬৪০	বহিঃ পরিবহন	২,০০০
বেতন	১৫,৭২০	বিক্রয়	৭৬,০০০
অনাদায়ী দেনা সঞ্চিতি	২,০০০	অনাদায়ী দেন	৮৬০
দেয় বিল	৮,৪৬০	কর ও অভিকর	৮৪০
বিবিধ পাওনাদার	১২,১৭০	প্রাপ্ত বাট্টা	১২০
মওজুদ পণ্য	১৬,৪২০	৬% বিনিয়োগ	৫,০০০
ঋণ হিসাব	৩৫,০৫০	বিবিধ দেনাদার	১৭,৮০০
নগদ তহবিল	৫০৭০	প্রাপ্য বিল	১৬,৭০০
	১,৯০,৯৫০		১,৯০,৯৫০

১৩. জনাব শাহীন একজন খুচরা ব্যবসায়ী। তিনি এক তরফা দাখিলা পদ্ধতি অনুযায়ী তার হিসাব বই সংরক্ষণ করেন। ২০০৩ সালের ১লা জানুয়ারি তারিখে তার ব্যবসায়ের অবস্থা নিম্নরূপ ছিল। ১৪

নগদ তহবিল ২০০.০০ টাকা, ব্যাংক জমার উদ্বৃত্ত ১,৫০০.০০ টাকা, সমাপনী মওজুদ পণ্য ১০,০০০.০০ টাকা, বিবিধ দেনাদার ৪,২৫০.০০ টাকা, সাজসরঞ্জাম ৯০০.০০ টাকা, কলকব্জা ৭,৫০০.০০ টাকা. বিবিধ পাওনাদার ১১,০০০.০০ টাকা ।

২০০৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখে তার ব্যবসায়ের অবস্থা নিম্নরূপ ছিল ঃ
নগদ তহবিল ৩০০.০০ টাকা, ব্যাংক জমার উদ্বৃত্ত ২৫০০.০০ টাকা, বিবিধ দেনাদার ৭,০০০.০০ টাকা, সমপনী মওজুদ পণ্য ১৩,০০০.০০ টাকা, বিবিধ পাওনাদার ৯,০০০.০০ টাকা, সাজসরঞ্জাম ৭৫০.০০ টাকা। (৩০০.০০ টাকা মূল্যের সাজসরঞ্জাম বিক্রয় করা হয়েছে, কলকব্জা ৭,৫০০.০০ টাকা।

বছরে জনাব শাহীন ২,৫০০.০০ টাকা অতিরিক্ত মূলধন ব্যবসায়ে সরবরাহ করেছেন এবং তিনি নগদ ১,২০০.০০ টাকা এবং ৪০০.০০ টাকার পণ্য ব্যবসায় হতে উত্তোলন করেছেন।

আপনার করণীয় ঃ
(১) ২০০৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরের লাভ-লোকসান বিবৃতি ও (২) উক্ত তারিখে ব্যবসায়ের বৈষয়িক বিবৃতি।

ঘ - বিভাগ

১৪. ২০০৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখে মেসার্স সফিক এন্ড কোং -এর রেওয়ামিল নিম্নে প্রদত্ত হল ঃ ২০

রেওয়ামিল
৩১শে ডিসেম্বর ২০০৩

	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মওজুদ পণ্য	৯,৫০০.০০	
কলকব্জা	৪০,০০০.০০	
আসবাবপত্র	৫,০০০.০০	
ইজারা সম্পত্তি (১০ বৎসর)	২৫,০০০.০০	
সঞ্চিতি তহবিল		৫০,০০০.০০
ক্রয় পরিবহন	৪,৫০০.০০	
পণ্য ক্রয় ও পণ্য বিক্রয়	৭৫,৫০০.০০	১,৪৬,৫০০.০০
বিক্রয় ফেরত	২,৫০০.০০	
ক্রয় ফেরত		১,৫০০.০০
বিক্রয় পরিবহন	৩,০০০.০০	
শুল্ক	৭,৫০০.০০	
মজুরি	৮,৫০০.০০	
বেতন	১৬,০০০.০০	
বাট্টা প্রাপ্তি		৩,৬০০.০০
বীমা সেলামী	১,৫০০.০০	
বিজ্ঞাপন	১২,০০০.০০	
১২% বিনিয়োগ (১-৭-২০০৩ তারিখে ক্রীত)	৩০,০০০.০০	
বিনিয়োগের সুদ		৯০০.০০
অনাদায়ী দেনা সঞ্চিতি		২,৫০০.০০
বিবিধ দেনাদার এবং বিবিধ পাওনাদার	৪১,৫০০.০০	৩৫,০০০.০০
নগদ তহবিল	৫০০.০০	
ব্যাংক জমার উদ্বৃত্ত	৩,০০০.০০	
মূলধন		৬০,০০০.০০
উত্তোলন	৫,৫০০.০০	
ভাড়া	৯,০০০.০০	
	~~৩,০০,০০০.০০~~	~~৩,০০,০০০.০০~~

নিম্নলিখিত সমন্বয়গুলো সাধন করা প্রয়োজন ঃ

১. সমাপনী মওজুদ পণ্য ২৫,০০০.০০ টাকায় মূল্যায়ন হয়েছে।
২. বেতন ও ভাড়া যথাক্রমে ২,০০০.০০ টাকা এবং ১,০০০.০০ টাকা বকেয়া রহিয়াছে; পক্ষান্তরে বীমা সেলামী ৫০০.০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে।
৩. বিজ্ঞাপন খরচের দুই-তৃতীয়াংশ বিলম্বিত করতে হবে।
৪. কলকব্জার ৫% এবং আসবাবত্রের ১০% অবচয় ধার্য করতে হবে।
৫. বিবিধ দেনাদারের ১,৫০০.০০ টাকা আদায়যোগ্য নয় এবং অবশিষ্ট দেনাদারের উপর ৫% ধরে অনাদায়ী দেনা সঞ্চিতি তৈরি করতে হবে।

আপনার করণীয় ঃ

২০০৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরের জন্য

(ক) ক্রয়-বিক্রয় হিসাব;

(খ) লাভ-লোকসান হিসাব; এবং

(গ) উক্ত তারিখে ব্যবসায়ের উদ্বৃত্ত পত্র।